অপর মামলা নং ৪৯৩/২০২১

উপস্থিত ঃ- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া , চট্টগ্রাম

আদেশ নং-৬৫
তারিখ- ৩১/০১/২০২৩ ইং

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

বাদীপক্ষ হাজিরা দাখিল করেন।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্নিত নালিশী সম্পত্তিতে স্বত্ব এবং উক্ত সম্পত্তি সম্পর্কিত বি এস খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে রেকর্ড হয়েছে মর্মে দাবি করিয়া ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় **১-২৭** নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

**১-২৭** নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ২৬/১১/২০১৯ ইং তারিখের ৪২ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে **আবদুল করিম P.W.-1** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিম্নবর্নিত কাগজাদি দাখিল করেন।

১। বড় উঠান মৌজার আর এস ৩৬১, ৯৩, ৭৩২ নং খতিয়ানের সি.সি প্রদ- ১ সি

২। বড় উঠান মৌজার বি এস ৪৫৩,৮৪৭,৩৪৯ নং খতিয়ানের সি.সি প্রদ- ২ সি

৩। ৩১/০৭/৩৩ ইং তারিখের ১২৪২ নং হেবাদলিল এর সি.সি প্রদর্শনী-৩

৪। ২১/০৪/৫৯ ইং তারিখের ৩০৩৭ নং দলিল এর সি.সি প্রদর্শনী-৪

৫। ০২/১১/৫৯ ইং তারিখের ৭৫৯৮ নং দলিল এর সি.সি প্রদর্শনী-৫

৬। ১৫/০৪/৬০ ইং তারিখের ২৩৫ নং দলিল এর মূল প্রদর্শনী- ৬

৭। ১৮/০৮/৯৮ ইং তারিখের ৪২৯৭ নং দলিল এর মূল প্রদর্শনী-৭

৮। ১৩/১১/৯০ ইং তারিখের ৬৬৬৯ নং দলিল এর সি.সি প্রদর্শনী-৮

৯। ২৫/১১/৯০ ইং তারিখের ৬৮৬৪ নং দলিল এর সি.সি প্রদর্শনী-৯

১০। ২৭/০৭/৯৭ ইং তারিখের ৪০২০ নং দলিল এর মূল প্রদর্শনী-১০

১১। ২৬/০৬/২০০৮ ইং তারিখের ৪৫১৭ নং দলিল এর মূল প্রদর্শনী-১১

১২। ২২/০৮/১৯৩৩ ইং তারিখের ১৩৪৯ নং পাট্টা দলিল এর সি.সি প্রদর্শনী- ১২

১৩। ১২/০৪/৬৬ ইং তারিখের ২১৮৫ নং দলিল এর মূল প্রদর্শনী-১৩

১৪। ৩০/০৬/৭৫ ইং তারিখের ৫১২০ নং দলিল এর সি.সি প্রদর্শনী-১৪

১৫। ২৭/১১/৮৫ ইং তারিখের ৫১৮১,৫১৮২,৫১৮৩ নং দানপত্র দলিল এর মূল কপি প্রদর্শনী- ১৫ সিরিজ

১৬। ২৭/০৭/১৯৯৭ ইং তারিখের ৪০১৯ নং দলিল এর মূল প্রদর্শনী- ১৬

**আবদুল করিম P.W.-1** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-১৬) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানভুক্ত সম্পত্তিতে স্বত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি। সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-২৭ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে একতরফাসূত্রে বিনাখরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী ১(ক), ২(ক) ও ৩(ক) নং তফসিল বর্ণিত ভূমিতে বাদীর উত্তম ও অপরাজেয় স্বত্ব রহিয়াছে এবং উক্ত ভূমি সংশ্লিষ্ট বি.এস খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে লিপিবদ্ধ হইয়াছে, যা যথারীতি বে-আইনী ও অকার্যকর এবং উহা বাদীর উপর বাধ্যকর নয়।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পটিয়া, চট্টগ্রাম